ভোরের কাগজ

তারিখ ... 10 AUG 1998 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের সন্ত্রাস

# বাস থেকে ফেলে দেওয়ার পর ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ছাত্রলীগ নেতার মৃত্যু

**তারিকুল হক তারিক, কুষ্টিয়া থেকে :** ১৫ দিন বন্ধ থাকার পর গতকাল রোববার বিশ্ববিদ্যালয় খোলার দিনেই ইসলামী বিশ্ববিদ্যালয়ের মেধাবি ছাত্র ও ছাত্রলীগ নেতা খুরশীদ হাসান মামুনকে (২৮) চলন্ত বাস থেকে ফেলে দেওয়া হলে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে তার করুণ মৃত্যু ঘটে। কুষ্টিয়া-দৌলতদিয়া মহাসড়কের বৃত্তিপাড়া নামক স্থানে এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, তিনজন দুষ্কৃতকারী মামুনকে বাসের জানালা দিয়ে বাইরে ছুঁড়ে ফেলে দিলে সে একটি চলন্ত ট্রাকের চাকায় পিষ্ট হয়। নিহত মামুন ইসলামী

[redacted]

বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র ও জেলা ছাত্রলীগের ক্রীড়া সম্পাদক ছিল।

ছাত্রলীগ এই ঘটনার জন্য ছাত্র শিবিরকে দায়ী করে বলেছে, শিবিরের সন্ত্রাসীরা পূর্ব পরিকল্পিতভাবে মামুনকে বাইরে ফেলে দিলে ট্রাকের চাকায় সে পিষ্ট হয়। ছাত্র শিবির অবশ্য এই ঘটনায় তাদের জড়িত থাকার কথা অস্বীকার করে বলেছে, চলন্ত বাস থেকে পড়ে গিয়ে মামুন নিহত হয়েছে।

মামুন হত্যাকে কেন্দ্র করে কুষ্টিয়া শহর ও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নতুন করে চরম উত্তেজনা ছড়িয়ে পড়েছে। পরিস্থিতির অবনতির আশঙ্কায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ সোমবার সকল ক্লাস ও পরীক্ষা বাতিল ঘোষণা করেছে।

উল্লেখ্য, গত মাসে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের সংঘর্ষের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় ১৫ দিন বন্ধ থাকার পর গতকালই বিশ্ববিদ্যালয় খুলেছিল।